Sangbad Online
প্রকাশনার ৬০ বছর
সংবাদ

তারিখঃ ২৫-১০-২০২২ (পৃঃ ১২,০২)

# বাংলাদেশে 'খাদ্য সংকট' হবে না

## — কৃষিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

কৃষিমন্ত্রী এবং আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. আবদুর রাজ্জাক বলেছেন, বিশ্বের অন্য কোথাও খাদ্য সংকট হলেও বাংলাদেশে কোন খাদ্য সংকট হবে না। দেশে যথেষ্ট খাদ্য মজুদ আছে। গতকাল টাঙ্গাইল শহীদ স্মৃতি পৌর উদ্যানে সদর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

খাদ্য সংকট নিয়ে প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী আরও বলেন, 'আল্লাহর রহমতে আজকের যে বৃষ্টি তা কল্যাণের বৃষ্টি, মঙ্গলের বৃষ্টি। সোনালী ধানে দেশ ভরে যাবে। আল্লাহ যদি বড় ধরনের কোন দুর্যোগ না দেন, তাহলে ইনশাল্লাহ বাংলাদেশে দুর্ভিক্ষ হবে না।'

তিনি বলেন, 'একটি ন্যায়সঙ্গত সরকার, গণতান্ত্রিক সরকার মেয়াদের শেষদিন পর্যন্ত ক্ষমতায় থাকবে, নির্বাচনের আয়োজন করবে। সেই নির্বাচনে জনগণ নির্ধারণ করবে আগামীতে কে প্রধানমন্ত্রী হবে। আমাদের শেকড় অনেক গভীরে। ইনশাল্লাহ আমরা এ দেশে টিকে থাকব। বর্তমানে আমাদের দেশের

➤ পৃষ্ঠা : ২ ক : ১

# বাংলাদেশে 'খাদ্য

(১২ পৃষ্ঠার পর)

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সেনাবাহিনী অনেক সুশৃঙ্খল। তারাও জনগণের পাশে থাকবে।'

কৃষিমন্ত্রী আরও বলেন, 'রাষ্ট্রক্ষমতায় থাকাকালে সব ক্ষেত্রে ব্যর্থ বিএনপি এখন স্বাধীনতাবিরোধীদের নিয়ে আন্দোলন করার চেষ্টা করছে। ২০১৫ সালে তারা ৯০ দিন হরতাল দিয়েছিল।'